গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সাভার, ঢাকা

স্মারক নং- ২০২২.৩১৮ তারিখ ঃ ০৩/০১/২০২২

**সভার নোটিশ**

সাভার উপজেলা পরিষদ কর্তৃক গঠিত উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং কমিটির সভা আগামী ০৯/০১/২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

প্রাপক......................................
..............................................
..............................................

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং কমিটি
সাভার, ঢাকা

অনুলিপি ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা
২। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা
৩। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, সাভার, ঢাকা
৪। অফিস কপি

# উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি
## জানুয়ারি,২০২২ এর সভার কার্যবিবরণী

সভার বিবরণ : উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভা।
সভাপতি : জনাব ইয়াসমিন আক্তার (সুমী), ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সাভার, ঢাকা।
সভার তারিখ : ০৯/০১/২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ টা।
সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

অদ্য ০৯/০১/২০২২ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব ইয়াসমিন আক্তার (সুমী), উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সাভার, ঢাকা এর সভাপতিত্বে নিম্নে উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের উপস্থিতে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতিদের উপস্থিতির স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | উপস্থিত সদস্যদের নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ইয়াসমীন আক্তার (সুমী ), মহিলা ভাইস চেয়ারম্যান, সাভার, ঢাকা। | সভাপতি | স্বাক্ষরিত/- |
| ০২ | মোঃ শাহাদাৎ হোসেন খাঁন, ভাইস চেয়ারম্যান, সাভার, ঢাকা। | সদস্য | |
| ০৩ | আনোয়ার হোসেন, চেয়ারম্যান, আমিনবাজার ইউপি, সাভার, ঢাকা। | সদস্য | |
| ০৪ | মোঃ শাহাবুদ্দিন মাদবর, চেয়ারম্যান, আশুলিয়া ইউপি, সাভার, ঢাকা। | সদস্য | |
| ০৫ | মোঃ সোহেল রানা, চেয়ারম্যান, সাভার ইউপি, সাভার, ঢাকা। | সদস্য | |
| ০৬ | আশরাফ হোসেন চৌধুরী মাসুদ, বিশিষ্ট সমাজসেবক, সাভার, ঢাকা। | সদস্য | |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাভার, ঢাকা। | সদস্য সচিব | |

আলোচ্য সূচীঃ
১। বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। কমিটির উপস্থিতি সদস্যদের আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | অগ্রগতি | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ *কমিটি*<br>(ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, সেনা খাতসহ অন্যান্য ইপি খাতে কাবিখা ও ভিজিএফ/ভিজিডি খাতে খাদ্য শস্য বিতরনের কার্যক্রম চলমান আছে। বর্তমানে আমন ধান উঠার পূর্বে ধান ও চালের বাজার দর কিছুটা বৃদ্ধি পেয়েছে। খাদ্য বিভাগের কর্মকর্তা কর্মচারীগন নিয়মিত বাজার দর মনিটরিং করছেন। মুজিব বর্ষ ২০২০ সালে ৭ (সাত) মাস (মার্চ/২০ থেকে মে/২০ এবং সেপ্টেম্বর /২০ থেকে ডিসেম্বর/২০) ব্যাপী খাদ্য বান্ধব কর্মসূচীতে ১০/- (দশ) টাকা কেজি দরে কার্ড প্রতি ৩০ (ত্রিশ) কেজি করে চাল বিতরণ করা হবে। খাদ্য বান্ধব কর্মসূচীর উপকার ভোগীর তালিকা হতে মৃত, স্বচ্ছল ও ভূয়া ব্যক্তিদের পরিবর্তে প্রকৃত হতদরিদ্রদের নির্ধারিত ছকে সংশোধিত নামের তালিকা ৩০/১২/২০১৯ তারিখের মধ্যে প্রেরনের জন্য উপজেলা নির্বাহী অফিসার সাভার মহোদয়ের স্বাক্ষরে ১১/১২/২০১৯ তারিখে ১০৪৬ (২৪)/৬ নং স্মারকে সাভার উপজেলার সকল সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিবগণকে পত্র দেয়া হয়। বিষয়টি নিয়ে গত ২৮/০১/২০২০ তারিখে অনুষ্ঠত মাসিক সাধারণ সভায় বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত সংশোধিত তালিকা প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। সংশোধিত নামের তালিকা না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহন করা সম্ভব হচ্ছে না।<br><br>২০২১-২২ আমন মৌসুমে পাইলট প্রকল্পের আওতায় ডিজিটাল পদ্ধতিতে সাভার উপজেলায় বরাদ্দ প্রাপ্ত ৯৬.০০০ মে.টন ধান সংগ্রহের লক্ষ্যে কৃষক নির্বাচনের লটারী ও বরাদ্দ আদেশ জারী করা হয়েছে। নির্ধারিত সময়ে কৃষকগণ সাভার খাদ্য গুদামে ধান নিয়ে আসলে তাদের নিকট হতে ধান ক্রয়ের জন্য পারসেজিং অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা সাভার খাদ্য গুদামকে নির্দেশনা দেওয়া হয়েছে।এখন পর্যন্ত [illegible] মে.টন ধান ক্রয় করা হয়েছে। অবশিষ্ট ৪৩.৪০০ মে.টন ধান ক্রয়ের | উপজেলা পরিষদের বিশেষ সাধারণ সভায় উপস্থাপনের বিষয়ে গৃহীত হয়। | কার্যক্রম চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাভার, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | দোকানদারদের খাদ্য শস্যের মজুদ মালামাল পাক্ষিক/মাসিক যাচাই করার জন্য খাদ্য পরিদর্শক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নিজেও বিভিন্ন দোকান পরিদর্শন করে থাকেন। তা ছাড়া অবৈধভাবে মজুদ গড়ে তুলে যাতে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে এ লক্ষ্যে ফুড গ্রেইন লাইসেন্স প্রথা বিদ্যমান আছে। সাভার উপজেলায় জুলাই/১৭ হতে জানুয়ারী/২০২০ পর্যন্ত পাইকারী ১০৬টি ও খুচরা ৫৯টি লাইসেন্স ইস্যু এবং ২০২১-২২ সনের জন্য নবায়ন ফি রাজস্ব খাতে ১৪,০০,৩০০/- টাকা আয় হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের জন্য ফুড গ্রেইন লাইসেন্স সমূহ নবায়ন সহ নতুন লাইসেন্স ইস্যুর কার্যক্রম চলমান আছে। এ দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | | |

অতঃপর সভায় আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

ইয়াসমিন আক্তার (সুমী)
ভাইস চেয়ারম্যান (মহিলা)
ও
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
বিষয়ক স্থায়ী কমিটি
সাভার উপজেলা পরিষদ, ঢাকা।

স্মারক নং- ৯১০ তারিখঃ ০৯/০১/২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
৩। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সাভার, ঢাকা।